দৈনিক ইনকিলাব

তারিখ 1 AUG 1987
পৃষ্ঠা ... ৭ কলাম ১

189

# উপজেলা পরিক্রমা

## গলাচিপা

।। সংবাদদাতা ।।

বঙ্গোপসাগরের উপকূলে পটুয়াখালী জেলার অন্তর্গত রামনাবাদ নদীর তীরে মনোরম পরিবেশে অবস্থিত গলাচিপা উপজেলা শহর। এককালের শস্য ভাণ্ডার বরিশালের ধান উৎপাদনে শীর্ষ স্থান ছিল গলাচিপা উপজেলা। পটুয়াখালী জেলা সদর থেকে ২০ মাইল দক্ষিণে অবস্থিত এ উপজেলা।

### আয়তন ও লোকসংখ্যা

৪শ' ৩৪ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ উপজেলায় ১৩টি ইউনিয়ন, ২শ' ৩৭টি গ্রাম। লোকসংখ্যা ২ লাখ ৬৮ হাজার ৭৬ জন। পুরুষের সংখ্যা ১ লাখ ৩৯ হাজার ৫শ' ৯৮ জন। মহিলা ১ লাখ ২৮ হাজার ৪শ' ৭৮ জন। মোট পরিবারের সংখ্যা ৪৩,৯২০টি। উপজেলায় ছোটবড় মোট ৬০টি চর আছে।

### কৃষি ব্যবস্থা

এ উপজেলায় মোট জমির পরিমাণ ২,৪২,০০০ হাজার একর। কৃষি জমির পরিমাণ ১,৭০,৫৫১ একর। একফসলী জমি ১,৩১,২৯৫ একর, দুফসলী জমি ৩৫,১৭১ একর এবং তিনফসলী জমি ৪,০৮৫ একর। বনভূমির পরিমাণ ১২,৮০০ একর। শতকরা ৮০ জন লোক কৃষিজীবী। বছরে প্রায় ৩০/৪০ লাখ মণ ধান এখানে উৎপন্ন হয়। এছাড়াও ডাল, আলু, মরিচ, চিনাবাদাম ও পান উৎপন্ন হয়।

### যোগাযোগ ব্যবস্থা

উপজেলার রাস্তার পরিমাণ মোট ২৩১ মাইল। পাকা রাস্তা ১৫ মাইল। কাঁচা রাস্তা ২১৬ মাইল। নদীপথের পরিমাণ ১৬৫ মাইল। এখান থেকে জেলা সদরের দূরত্ব স্থলপথে ২০ মাইল, জলপথে ২৫ মাইল। একমাত্র জলপথে লঞ্চ, স্টীমার এলাকাবাসীর ভরসা।

### শিক্ষা ব্যবস্থা

এখানে শিক্ষিতের হার শতকরা ২১ ভাগ। ১টি কলেজ, ২৯টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ৩টি নিম্নমাধ্যমিক, ১২৮টি সরকারী ও ৫৫টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় আছে। ১টি নৈশবিদ্যালয়, ১৬টি দাখিল, ৫টি আলিম, ১টি ফাজিল এবং ৮৫টি এবতেদায়ী মাদ্রাসা আছে।

### চিকিৎসা ব্যবস্থা

এখানে ৩১ শয্যাবিশিষ্ট ১টি হাসপাতাল ও ৪টি পল্লী স্বাস্থ্য কেন্দ্র আছে। হাসপাতালটিতে এ্যাম্বুলেন্স, এক্স-রে মেশিনসহ জীবন রক্ষাকারী কোন ওষুধপত্রের ব্যবস্থা একেবারেই নেই। এখানে কোন রকমে টিকে আছে একটি পশু হাসপাতাল।

### অন্যান্য

এখানে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের ১১টি শাখা রয়েছে। ১টি গণমিলনায়তন, ১টি গণ-পাঠাগার, ১টি শিল্পকলা একাডেমী ও ১টি সিনেমা হল আছে। ৪টি টেলিগ্রাম, ওপিসি টেলিফোন সেট ৭৫টি, ১টি সাব পোস্ট অফিস, ব্রাঞ্চ পোস্ট অফিস ২৬টি, খাদ্য গুদাম ২৩টি, সার গুদাম ১টি, ডাকবাংলো ১টি, ৫৪৮টি গভীর নলকূপ, ৬টি তহসিল অফিস ও ৬৭টি হাট-বাজার আছে।

গলাচিপা বন্দরটি ধান, চাল, ইলিশ ও চিংড়ি মাছ উৎপাদন এবং ব্যবসার জন্য একটি প্রসিদ্ধ স্থান।